

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫২৩৫(আগরতলা ১৮।০৩)
উদয়পুর, ১৮ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

গোমতী জেলায় মোট ভোটার ৩,৪৪,৯১২ জন

গোমতী জেলায় ৭টি বিধানসভা কেন্দ্র রয়েছে। এরমধ্যে ৩০-কিল্লা-বাগমা (এসটি), ৩১-আর কে পুর, ৩২-মাতাবাড়ি ও ৩৩-কাকড়াবন-শালগড়া (এসসি) বিধানসভা কেন্দ্র ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত। এসব এলাকায় আগামী ১৯ এপ্রিল লোকসভা ভোটগ্রহণ করা হবে। ৪১-অম্পিনগর (এসটি), ৪২-অমরপুর ও ৪৩-করবুক (এসটি) বিধানসভা কেন্দ্র ২-ত্রিপুরা পূর্ব সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত। এই বিধানসভা কেন্দ্রগুলিতে আগামী ২৬ এপ্রিল ভোটগ্রহণ করা হবে। গতকাল গোমতী জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক তড়িৎ কান্তি চাকমা এই সংবাদ জানান।

সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক আরও জানান, গোমতী জেলায় মোট ভোটার ৩,৪৪,৯১২ জন। এরমধ্যে পুরুষ ভোটার ১,৭৩,০২৬ জন এবং মহিলা ভোটার ১,৭১,৮৮৬ জন। তৃতীয় লিঙ্গের ভোটার রয়েছেন ৮ জন। জেলায় মোট ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৩৯৯টি। এরমধ্যে ১৭টি ভোটগ্রহণ কেন্দ্রে ভোটগ্রহণ প্রক্রিয়া মহিলাদের দ্বারা পরিচালিত হবে। লোকসভা নির্বাচন উপলক্ষে জেলায় ২১টি নাকা পয়েন্ট থাকবে। এছাড়াও সাংবাদিক সম্মেলনে তিনি ভোটগ্রহণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন জেলা পুলিশ সুপার নমিত পাঠক।
